

# এবার প্রাথমিক শিক্ষকদের ‘তালাবদ্ধ’ কর্মসূচির ঘোষণা


ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০২ ডিসেম্বর ২০২৫, ১৩:০৭



সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ‘তালাবদ্ধ’ কর্মসূচি শুরু হবে বৃহস্পতিবার। ছবি: সংগৃহীত

দাবি আদায়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের আরেকাংশ এবার কঠোর আন্দোলনে যাওয়ার ঘোষণা দিয়েছেন। তারা জানিয়েছেন যে, বুধবারের (৩ ডিসেম্বর) মধ্যে দাবি পূরণ না হলে বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ‘তালাবদ্ধ’ কর্মসূচি শুরু হবে।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

সহকারী শিক্ষক সংগঠন ঐক্য পরিষদের আহ্বায়ক মো. আনিসুর রহমান মঙ্গলবার (২ ডিসেম্বর) এই কর্মসূচির কথা জানান।

এর আগে সোমবার থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা শুরু হলেও প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদের ব্যানারে সহকারী শিক্ষকদের একাংশ তিন দফা দাবিতে কর্মবিরতি পালন করে আসছেন। সংগঠনটি জানিয়েছে, দাবি বাস্তবায়নের কাজিক্ত অগ্রগতি না হওয়ায় তৃতীয় প্রান্তিক মূল্যায়ন (বার্ষিক পরীক্ষা) বর্জন কর্মসূচি চলবে।

সংগঠন ঐক্য পরিষদের এক বিবৃতিতে বলা হয়েছে, ‘সহকারী শিক্ষকদের ন্যায্য দাবি আদায়ের লক্ষ্যে, পরিষদের ভারুয়াল সভার সিদ্ধান্ত মোতাবেক ৩ ডিসেম্বর ২০২৫-এর মধ্যে সহকারী শিক্ষকদের তিন দফা দাবি বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা না হলে ৪ ডিসেম্বর থেকে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে “তালাবদ্ধ” কর্মসূচি বাস্তবায়ন করা হবে।’

এই কর্মসূচি বাস্তবায়নে সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষকদের আহ্বান জানানো হয়েছে সংগঠনের পক্ষ থেকে। এদিকে, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের নো ওয়ার্ক কর্মসূচির কারণে আজ মঙ্গলবারও বিভিন্ন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা হচ্ছে না, যার ফলে শিক্ষার্থী-অভিভাবকেরা ফিরে যাচ্ছেন।

চার দফা দাবিতে দেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোর শিক্ষকেরা সোমবার (১ ডিসেম্বর) থেকে লাগাতার কর্মবিরতি শুরু করেছেন, যার ফলে ঢাকাসহ দেশের অধিকাংশ সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে গতকালের বার্ষিক পরীক্ষা হয়নি। বিচ্ছিন্নভাবে কোনো কোনো সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মচারীদের পাহারায় শিক্ষার্থীদের পরীক্ষা নেওয়া হয়েছে